# খুলনা সিটি কর্পোরেশন

# খুলনা

## Strengthening Capacity for City Corporation

## C4C-2 প্রকল্পের কর্মপরিকল্পনা বিষয়ে SGI-IC এর পর্যালোচনা সভা।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ হেলাল মাহমুদ শরীফ (প্রশাসক), খুলনা সিটি কর্পোরেশন। |
| সঞ্চালনায় | ঃ | জনাব লস্কর তাজুল ইসলাম (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন। |
| সভার স্থান | ঃ | জে, আই, জেড সভাকক্ষ, খুলনা সিটি কর্পোরেশন। |
| তারিখ ও দিন-ক্ষণ | ঃ | ২৩/১০/২০২৪, বুধবার, বেলা ১১:০০ টা। |

উপস্থিতির তালিকা ঃ সংযুক্ত 'ক'

সভার শুরুতে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা **জনাব লস্কার তাজুল ইসলাম বলেন,** স্থানীয় সরকার বিভাগের অধীনে জাইকার সহযোগিতায় **Strengthening Capacity for City Corporation (C4C-2)** প্রকল্পের কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়ন করা হয়েছে। এর বিধি/নিতিমালা অনুযায়ী কার্যক্রম চলছে। সাধারণ সভা স্থায়ী কমিটির মিটিং হওয়ার কথা থাকলেও মেয়র ও সকল কাউন্সিলর পদ বাতিল হওয়ায় আপাতত মিটিং হচ্ছে না। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রস্তুত করা হয়েছে। সেটা স্থায়ী কমিটি হয়ে সাধারণ সভায় অনুমোদনের অপেক্ষায় ছিল। এর মধ্যে কাউন্সিলর পদ লোপ পাওয়ায় সেটার অনুমোদন হয়ে ওঠে নাই। কেসিসি'তে SGI-IC এর সভা নিয়মানুসারে রীতিমত হয়ে থাকে। এবছরও বার্ষিক আর্থিক বিবরণী যথা-সময়ে প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। CLCC এবং WLCC- এর কমিটি গঠনসহ সভা হয়ে থাকে। কেসিসি'তে স্থায়ী কমিটি প্রবিধান প্রণয়ন করা হয়েছে। যা সাধারণ সভায় অনুমোদনের অপেক্ষোয় রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। সিটি কর্পোরেশনসমূহের মধ্যে এ প্রকল্পের কার্যক্রমের বিষয়ে মার্কিং এর ব্যবস্থা আছে এবং কেসিসি বর্তমানে ৪র্থ অবস্থানে আছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ পর্যায়ে উপস্থিত সকলের পরিচয় তুলে ধরার জন্য পরিচয়-পর্ব অনুষ্ঠিত হয়।

**জনাব মনিমালা রায় বলেন, C4C-2** প্রকল্পে এখন ২য় ফেজের কাজ চলমান আছে। **C4C** প্রকল্প মূলত: চারটি সিটি কর্পোরেশনে ছিল। এখন **C4C-2** প্রকল্পে ১২-টি সিটি কর্পোরেশন যুক্ত আছে। এ প্রকল্পের সকল কার্যক্রমে জাইকা টেকনিক্যাল সাপোর্ট দিয়ে থাকে। খুলনা সিটি কর্পোরেশনে কৌশলপত্র বাস্তবায়ন কার্যক্রম চলছে। গাইড লাইন অনুযায়ী কেসিসি'তে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন তৈরী করা হয়েছে এবং স্থায়ী কমিটি প্রবিধান প্রণয়ন করা হয়েছে, যা সাধারণ সভায় অনুমোদনের অপেক্ষায় আছে। এখানে প্রশিক্ষণ পরিকল্পনা (Training Plan) প্রস্তুত করা হয়েছে এবং সেই অনুযায়ী কেসিসি'র নিজস্ব বাজেটে সুন্দরভাবে প্রশিক্ষণের আয়োজন করে থাকে। SGI-IC এর সভা নিয়মিত হয়ে থাকে। CLCC ও WLCC গঠন এবং সভা করা হয়। কেসিসি'র ওয়েব সাইটে সকল কাজের ডকুমেন্টস আপ-লোড করা হয়ে থাকে। কৌশলপত্র বাস্তবায়নে খুলনা সিটি কর্পোরেশন বেশ ভাল কাজ করেছে। তারা বর্তমানে ৪র্থ অবস্থানে আছে। জনবলের নিয়োগ সংক্রান্তে অন্য সিটি কর্পোরেশন কি অবস্থায় আছে, তার উপর কাজ করা হচ্ছে। এ সংক্রান্ত নথি আইন মন্ত্রণালয়ে আছে। সাংগাঠনিক উন্নয়নে তাদের কার্যক্রম অব্যাহত আছে।

এ প্রকল্পে চার (০৪) টি উপাদান নিয়ে কাজ চলছেঃ

১) আইনি উপকরণ
২) সাংগাঠনিক কাঠামো
৩) আর্থিক ও বাজেট ব্যবস্থাপনা
৪) মানবসম্পদ উন্নয়ন

**তিনি আরো বলেন,** ব্যক্তি পর্যায়ে এবং সামাজিক পর্যায়ে যাতে কাজ আরো একটু ভাল করতে পারে, সে জন্য তারা সহযোগিতা করছেন। সব সিটি কর্পোরেশনকে একই ফরমেটে আনার চেষ্টা চলছে। তবে স্থায়ী কমিটির সভা সচল করতে হবে। উক্ত কমিটির সভাপতি না থাকলেও বর্তমানে ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ রাজশাহী ও চিটাগং সিটি কর্পোরেশনের আদলে স্থায়ী কমিটির সভা করতেও পারে মর্মে তিনি মতব্যক্ত করেন।

**প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি বলেন,** সিটি কর্পোরেশন ও পৌরসভার জন্য মন্ত্রণালয় থেকে একটা স্ট্যান্ডার্ড অর্গানোগ্রাম নির্ধারণ করে দিতে হবে। সেই অনুযায়ী প্রত্যেক সিটি কর্পোরেশন ও পৌরসভা তার সক্ষমতা অনুযায়ী জনবল নিয়োগ করে কাজ করবে। ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে 'এ' ক্যাটাগরিতে এবং বাকি ৯ টি সিটি কর্পোরেশনকে 'বি' ক্যাটাগরিতে ভাগ করা যেতে পারে। এছাড়া, প্রত্যেক পৌরসভা ও সিটি কর্পোরেশনে ময়লা ড্যাম্পিং করার স্থানকে সেনেটারি ল্যান্ডফিলে রূপান্তর করা অত্যাবশ্যক। কারণ এ ময়লা ফেলায় দরুন ভূ-গর্ভস্থ পানি দুষিত হচ্ছে।

**জনাব, ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার খুলনা সিটি কর্পোরেশন বলেন,** খুলনা সিটি কর্পোরেশনের সকল তথ্য ওয়েব সাইটে আগের থেকে আরো গোছানোভাবে আপলোড করা আছে, যাতে জাইকার C4C-2 প্রকল্পের পরামর্শ সহায়তা প্রদান করেছে। ইতোমধ্যে খুলনা সিটি কর্পোরেশনের SGI-IC এর চারটি সভা, CLCC'র ৬টি সভা, WLCC'র ৩টি সভা (২০২৩-২৪ অর্থ বছরে) C4C-2 প্রকল্পের পরামর্শক্রমে হয়েছে, যার রেজুলেশন ও কেসিসি'র ওয়েব সাইটে আপলোড করা আছে। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৩ ধারা অনুসারে C4C-2 প্রকল্পের কারিগরী সহযোগিতায় অন্যান্য বছরের ন্যায় বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণসহ ৩০ সেপ্টেম্বরের মধ্যে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। সংশ্লিষ্ট প্রকল্পের পরামর্শক্রমে বিগত পরিষদে স্থায়ী কমিটির এবং সাধারণ সভার রেজুলেশন জনসাধারণ ও অংশীজনের অবগতির জন্য আপ-লোড করা আছে। C4C-2 প্রকল্পের প্রণীত পদ্ধতি অনুসারে Training Plan প্রণয়ন করে প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন পূর্বক বিস্তারিত তথ্য ওয়েব সাইটে আপলোড করা আছে। কেসিসি'তে স্থায়ী কমিটি প্রবিধান তৈরি হলেও তা সাধারণ সভায় অনুমোদন হয়নি এবং C4C-2 প্রকল্পের নাগরিক অভিযোগ ও মতামতের বিষয়ে প্রবিধান তৈরির কথা বলা হয়েছে। কিন্তু আমাদের জাতীয়ভাবে GRS বিষয়ে ওয়েব-সাইটে একটি পদ্ধতি রয়েছে, সেখানে নাগরিকগণ বিভিন্ন অভিযোগ প্রতিকার পেতে পারেন এবং এ সম্পর্কিত একটি নীতিমালাও রয়েছে। এ বিষয়ে আমরা প্রবিধান তৈরি করলে ডুপ্লিকেশন হবে কিনা সে বিষয়ে সঠিক নির্দেশনা জানা দরকার। উন্নত দেশে বিশেষ করে "জাপানে" সামাজিকভাবে বর্জ্যের যে ব্যবস্থা আছে তার একটি ভিডিও 'জাইকার' সহযোগিতায় তৈরি পূবর্ক ওয়েব সাইটে দেয়া আছে, যা থেকে জনসাধারণ সচেতন হয়ে বাংলাদেশে তথা খুলনা সিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এ ছাড়াও C4C-2 অনুসৃত পদ্ধতি অনুসারে বাজেট তৈরি করা হয়েছে, যা খুলনা সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে আপলোড আছে। এ সমস্ত কাজে প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব স্যার এবং অন্যান্য কর্মকর্তাগণ খুবই আন্তরিক বিধায় তিনি তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

**জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী, কেসিসি বলেন,** কর্পোরেশন সৃষ্টির পর থেকে নিয়োগ বিষয়ে পঠ পরিবর্তন হয়েছে। জনবল নিয়োগে জনপ্রতিনিধি প্রয়োজন। নিয়োগের ক্ষেত্রে অর্থ দিবে সিটি কর্পোরেশন, নিয়োগ দিবে সিটি কর্পোরেশন। কেসিসি'তে ১৯৮৭ সালের জনবল কাঠামো নিয়ে জটিলতা আছে। তাছাড়া তিন মন্ত্রণালয়ের ৪ জনের অনুমোদন খুব জটিল হয়ে যায়।

**জনাব মোল্লা মারুফ রশীদ, প্রশাসনিক কর্মকর্তা, কেসিসি বলেন,** খুলনা সিটি কর্পোরেশনসহ অন্যান্য সকল সিটি কর্পোরেশনের জনবল নিয়োগ বিষয়ে পদসংখ্যা ব্যতীত পদ-পদবী গ্রেড একই রকম অর্গানোগ্রাম করার সুপারিশ করা হলো। আদালতের রায় ২ বছর হয়ে গেছে কিন্তু জনবল নিয়োগ প্রক্রিয়া এখনো শুরু হয়নি। নতুন নিয়োগ প্রক্রিয়া চালু করতে হবে।

**জনাব লষ্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব), কেসিসি বলেন, C4C-2** প্রকল্পে মূলতঃ স্থানীয় সরকার বিভাগের অধীরে সিটি কর্পোরেশনেরই কাজ। জাইকা শুধুমাত্র টেকনিক্যাল সাপোর্ট দিয়ে থাকে। খুলনা সিটি কর্পোরেশনের অর্গানোগ্রাম অনুযায়ী ১৯৮৭ সালের সেট-আপ-এ এখনো জনবল নিয়োগ পূর্ণ হয় নাই। নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে এটা সম্পন্ন করতে হবে। কেসিসি'তে অভিযোগ গ্রহণ পূর্বক নিষ্পত্তি করা হয়।

**জনাব কাজী আশরাফ উদ্দিন, পাবলিক এ্যাডমিন এ্যাডভাইজার, C4C-2 প্রকল্প বলেন,** ১২ টি সিটি কর্পোরেশনকে নিয়ে **C4C-2** প্রকল্পের আওতায় জাইকা কাজ করে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (২০২৩-২৪) অনুমোদন করে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে বলে তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। C4C-2 প্রকল্পে কেসিসি'র কার্যক্রম ভাল এবং এ সংক্রন্ত যাবতীয় কাগজপত্র ওয়েব-সাইটে দেয়া হচ্ছে সেটাও ভালো। আশাকরা যায় কেসিসি আরো ভালো করবে। শত ব্যস্ততার মাঝেও বিভাগীয় কমিশনার C4C-2 প্রকল্পের সভায় সময় করে এসেছেন বলে তিনি তাকে ধন্যবাদ জানান। বর্তমানে সিটি কর্পোরেশনে সাধারণ সভা হচ্ছেনা তবু স্থায়ী কমিটি প্রবিধান সাধারণ সভায় অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সব সিটি কর্পোরেশন যেভাবে অনুমোদন করেছে তাদের সাথে শেয়ার করে সেভাবে কাজ করলে ভালো হবে মর্মে তিনি পরামর্শ প্রদান করেন।

**সভাপতি মহোদয় বলেন, C4C-2** প্রকল্পের কাজের সাথে সমন্বয় করে সিটি কর্পোরেশনের সেবা যাতে জনগণ সহজে পেতে পারে সে বিষয়ে আরো সচেষ্ট হতে হবে। GRS (Grievance Redress System) এর সাথে নাগরিক অভিযোগ ও মতামত সংক্রান্ত প্রবিধান যাতে ওভার ল্যাপিং না হয় সে জন্য সবাই সচেষ্ট থাকতে হবে। আইনের ভিতরে থেকে সকলকে নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। কেসিসি ও কেডিএ সহ বিভিন্ন প্রতিষ্ঠান তাদের কার্যক্রম পরিচালনা করছে। কিন্তু দেখা যাচ্ছে কয়েকটা দপ্তর একই কাজ করছে, সেক্ষেত্রে যাতে এ রকম না হয় সেদিকে আন্তরিকভাবে খেয়াল রাখতে হবে।

## সিদ্ধান্ত সমূহ

বিস্তরিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে হালনাগাদ "সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) পূনর্গঠন ও সক্রিয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২) অন্যান্য সিটি কর্পোরেশন এর আদোলে সিটি কর্পোরেশন ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনের বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩) খুলনা সিটি কর্পোরেশন পরিচালনা কমিটিতে "বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (AAR) ভূতাপেক্ষিক অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪) স্থায়ী কমিটির প্রবিধান (খসড়া) কেসিসি'র পরিচালনা কমিটিতে অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫) খুলনা সিটি কর্পোরেশন এর বার্ষিক হিসাব বিবরণী অন্যান্য বছরের ন্যায় ডিসেম্বর ২০২৪ পর্যন্ত প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১০/২৪

**মোঃ হেলাল মাহমুদ শরীফ**
**প্রশাসক**
খুলনা সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার, খুলনা।

স্মারক নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৪-১২৬৪/১ (৬) তারিখ : ২৩/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ
১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
২। Ms. Naoko ANZAI, the chief Advisor of C4C-2, JICA, Bangladesh.
৩। বিভাগীয় প্রধান/ SGI-IC কমিটির সদস্যবৃন্দ খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। সি, এ, টু প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

সংযুক্ত 'ক'

# Project for Strengthening Capacity for City Corporations (C4C 2)

Funded by: Japan International Cooperation Agency (JICA)
Local Government Division (LGD)
29, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka 1207

**Date: 23 October 2024, Time: 11:00 AM** **Venue: Khulna City Corporation**

## Attendance Sheet for SGI-IC meeting

**Chaired by:**

Kindly be informed that photos/videos taken during the meeting/workshop/activity may be used for reports and communication materials of the project and/or JICA. Your understanding on and cooperation for possible usage of the photos/videos for these purposes would be highly appreciated.

| No | Name | Organization | Title | Telephone | Email Address | Signature |
|---|---|---|---|---|---|---|
| | Kazi Ashraf Uddin | C4C-2 | Pub. Admin Advisor | 01716-033-428 | | [signature] |
| | মোঃ হেলাল মাহমুদ শরীফ বিভাগীয় কমিশনার, খুলনা | KCC | Administrator | 01711474922 | helalmahmud@gmail.com | [signature] |
| | Laskar Tazul Islam Chief Executive Officer | KCC | CEO | 01715306660 | laskar.tajul@gmail.c | [signature] |
| | Mashiuzzaman Khan Chief Engineer | KCC | Chief Engineer | 01922852694 | ee.kcc.kln@gmail.com | [signature] |
| | Shanzida Begum Chief Revenue Officer | KCC | CRO | 01727327986 | | [signature] |
| | Sharif Asif Rahman Secretary, KCC | KCC | Secretary | 01720813078 | sharifasifrahman@gmail.com | [signature] |
| | MD. Moniruzzaman | KCC | BA O | 01718257591 | lotusrussell@yahoo.com | [signature] |

Kindly be informed that photos/videos taken during the meeting/workshop/activity may be used for reports and communication materials of the project and/or JICA. Your understanding on and cooperation for possible usage of the photos/videos for these purposes would be highly appreciated.

| No | Name | Organization | Title | Telephone | Email Address | Signature |
|---|---|---|---|---|---|---|
| | Ariful Islam | Divcom Office, Khulna | Sr. AC | 01733073003 | ps2divcomkhulnaoffice@gmail.com | [illegible] |
| | Molla Maruf Rashid | Administrative officer | KCC | 01711973034 | nssk.maruf@gmail.com | [illegible] |
| | MD. Imran Hossain | K.C.C. accounts | K.C.C | 01715334008 | imran.tuhin@yahoo. | [illegible] |
| | Md. Anisur Rahman | K.C.C. | CCO. | 01711 98 1551 | aniskcc4@gmail.com | [illegible] |
| | Dr. Prem gopal Biswas | KCC | VO | 01717259515 | prembau@gmail.com | [illegible] |
| | MANI MALA ROY | ~~City Governance Specialist~~ JICA-CA | City Governance Specialist | 01608977344 | maniroy381@gmail.com | [illegible] |
| | Dr. Swapan Kumar Halder | KCC | CHO | 01720002147 | swapanhalder1306@gmail.c | [illegible] |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |